

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমান বন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০০১.১১.০৮১.১৭-৩০৩

তারিখ : ২২.০১.২০১৮খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটি) নিম্নবর্ণিত ২(দুই) ক্যাটাগরির মোট ৮(আট)টি পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	পদের ধরণ (স্থায়ী/অস্থায়ী)	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা
১.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	২(দুই)টি	স্থায়ী	৯৩০০-২২৪৯০	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর প্রতি মিনিটে গতি ৪ বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ।
২.	অফিস সহায়ক	৬(ছয়)টি	স্থায়ী	৮২৫০-২০০১০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

- ২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ‘চাকরির আবেদন ফরম’-এ আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম বিআরটি’র ওয়েব সাইটে (www.brsa.gov.bd) পাওয়া যাবে।
- ৩। নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আগামী ২৫.০২.২০১৮খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(বিআরটি), পুরাতন বিমান বন্দর সড়ক, এলেনবাড়ি তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌঁছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমে লিখিত আবেদন গ্রহণযোগ্য হবে না এবং হাতে হাতে বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্রও গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে ৫×৫ সে.মি. সাইজের সদ্য তোলা ও কপি সত্যায়িত ছবি ও পরীক্ষার ফি বাবদ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ১০০/- (একশত) টাকা এবং অফিস সহায়ক পদে ৫০/- (পঞ্চাশ) টাকা জমার ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
- ৫। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে মানিকগঞ্জ, মুঙ্গীগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোণা, খাগড়াছড়ি, নোয়াখালী, লক্ষ্মীপুর, লালমনিরহাট, পঞ্চগড়, বাগেরহাট, যশোর, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, পিরোজপুর, ঝালকাঠি ও ভোলা জেলার সাধারণ কোটার প্রার্থীদের এবং অফিস সহায়ক পদে মানিকগঞ্জ, মুঙ্গীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, পাবনা, লালমনিরহাট, খুলনা, বাগেরহাট, নড়াইল, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার সাধারণ কোটার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে মুক্তিযোদ্ধা কোটা, শারীরিক প্রতিবন্ধী ও এতিম কোটার উপর্যুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৬। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদনকারীকে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির অনুকূলে পরীক্ষার ব্যয় বাবদ ১-৫০৪৩-০০০০-২৬৮১ থাতে ১০০/- (একশত) টাকা জমার ট্রেজারি চালান এর মূল কপি এবং অফিস সহায়ক পদে আবেদনকারীকে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১-৫০৪৩-০০০০-২৬৮১ থাতে ৫০/- (পঞ্চাশ) টাকা জমার ট্রেজারি চালান এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৭। আবেদনকারীর বয়স ২৫.০২.২০১৮খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীর বয়স সীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের বয়স সীমা সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।
- ৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা(যদি থাকে) সনদের মূল কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, পৌরসভার মেয়ার/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র(যদি থাকে), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি ও পৌরসভার মেয়ার/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে।
- ৯। পদ পূরণের ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের যাবতীয় বিধি-বিধান/আদেশ যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে। খামের উপরে পদের নাম, নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১০। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় ডাকটিকিট সম্বলিত নিজ ঠিকানা লিখিত ১০''×৪.৫'' সাইজের একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।
- ১১। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীগণকে বিভিন্ন পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।
- ১২। নিয়োগ পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ প্রক্রিয়া/কার্যক্রম সংশোধন/স্থগিত/বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

১০১-২২১০১৪-

শাহ আবদুল তারিক
উপপরিচালক(প্রশাসন)